

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এফ এন্ড এফ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.erd.gov.bd

স্মারক নং- ০৯.০০.০০০০.০০০.১৮৮.২৫.০০১০.২৬-৩৬

তারিখঃ ৩১ মার্চ ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ জানুয়ারি ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে আংশিক ভ্রমণ মঞ্জুরি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান।

বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ জানুয়ারি ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া বাংলাদেশী শিক্ষার্থীদের অনুকূলে বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড (BSTF) হতে ভ্রমণ ব্যয়ের আংশিক এককালীন আর্থিক অনুদান হিসেবে প্রদানের লক্ষ্যে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনের সময় ১০ এপ্রিল হতে ৩১ মে ২০২৬ পর্যন্ত (বাংলাদেশ সময়)।


০১। আবেদনের শর্তাবলী:

- ক. বাংলাদেশী শিক্ষার্থী বিদেশের শিক্ষা প্রতিষ্ঠান হতে পূর্ণ বা আংশিক বৃত্তি পেয়ে উচ্চতর ডিগ্রী (স্নাতক/স্নাতকোত্তর/পিএইচডি) অর্জনের লক্ষ্যে ০১ জানুয়ারি ২০২৫ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. পর্যন্ত সময়ে বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হলে;
- খ. এ ট্রাস্ট ফান্ডের আওতায় ইতোপূর্বে ভ্রমণ মঞ্জুরি প্রাপ্ত না হলে;
- গ. বিদেশে উচ্চশিক্ষার জন্য আবেদনকারী দেশী বা বিদেশী অন্য কোন উৎস থেকে ভ্রমণ মঞ্জুরি/এয়ার টিকেট প্রাপ্ত না হলে;
- ঘ. প্রার্থীর এয়ার টিকেট (শুধুমাত্র ভারতে ভর্তি হওয়ার ক্ষেত্রে বাস/ট্রেন টিকেট) এবং ভ্রমণ ব্যয়ের রশিদ থাকলে ;
- ঙ. ভ্রমণ মঞ্জুরির অর্থ উত্তোলনের জন্য অবশ্যই বাংলাদেশী রাষ্ট্রায়ত্ত্ব/বাণিজ্যিক ব্যাংকে (Online এর আওতাভুক্ত) একাউন্ট থাকতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীর নিজস্ব/বাবা/মা/ভাই/বোন/Spouse এর ব্যাংক একাউন্ট ব্যবহার করা যাবে। ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য সংশোধন/পরিবর্তনের সুযোগ থাকবে না;
- চ. একই প্রার্থী একাধিকবার আবেদন করলে তা বাতিল বলে গণ্য হবে;
- ছ. আবেদনের হার্ড কপি প্রেরণ করার প্রয়োজন নেই।

০২। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের <https://bstf.erd.gov.bd> এই URL ব্যবহার করে আবেদন করতে হবে। আবেদন করার ক্ষেত্রে আবেদনকারীর নিজস্ব ই-মেইল ব্যবহার করা অবশ্যই বাধ্যতামূলক।

০৩। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০৪। দাখিলকৃত তথ্যের অসম্পূর্ণতা, ত্রুটি কিংবা অসঙ্গতির জন্য কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


মোঃ মামুন হোসেন

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৪৮১১৭৬৩৫

E-mail: fnf@erd.gov.bd